# বিজ্ঞপ্তি

## নোবিপ্রবি পিএইচডি ফেলোশিপ ২০২৫ (জুলাই-ডিসেম্বর)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত গবেষকদের জন্য নোবিপ্রবি পিএইচডি ফেলোশিপ ২০২৫ (জুলাই- ডিসেম্বর)-এর আবেদন গ্রহণ করা হচ্ছে। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নোবিপ্রবি রিসার্চ সেল অফিসে জমা দিতে হবে।

আবেদনের জন্য প্রয়োজনীয় সংযুক্তিঃ

- পিএইচডি প্রোগ্রামে ভর্তির প্রমাণপত্র।
- সকল পরীক্ষার সার্টিফিকেটের ফটোকপি।
- সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- গবেষণার একটি রূপরেখা (Research Proposal), যা সুপারভাইজার কর্তৃক সত্যায়িত হতে হবে।

আবেদনপত্র ও নীতিমালা নোবিপ্রবির ওয়েবসাইট ( https://nstu.edu.bd/research_cell.html ) থেকে ডাউনলোড করা যাবে।

## ফেলোশিপ প্রোগ্রামে আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

### যোগ্যতা:

১ শুধুমাত্র নোবিপ্রবিতে ভর্তি হওয়া পূর্ণকালীন পিএইচডি গবেষকরাই আবেদন করতে পারবেন।

২ আবেদনকারীদের সুপারভাইজার প্যানেলের অনুমোদন থাকতে হবে এবং নিশ্চিত করতে হবে যে তারা অন্য কোনো উৎস থেকে ফেলোশিপ নিচ্ছেন না।

৩. চাকরিরত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা, গবেষণার অভিজ্ঞতা এবং পাবলিকেশন রেকর্ডের ভিত্তিতে ফেলোশিপ প্রদান করা হবে।

৪. চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে শুধু শিক্ষা ছুটি প্রাপ্ত পিএইচডি গবেষকরাই ছুটিকালীন সময়ের জন্য ফেলোশিপের জন্য বিবেচিত হবেন এবং সপ্তাহে অন্তত ১০ ঘণ্টা টিচিং অ্যাসিস্ট্যান্ট হিসেবে কাজ করতে হবে।

৫ একাধিক উৎস থেকে রিসার্চ গ্রান্ট বা ফেলোশিপ গ্রহণ করা যাবে না। অন্যথায় প্রাপ্ত সম্পূর্ণ অর্থ ফেরত দিতে হবে।

৬. ফেলোশিপ চলাকালীন কোনো চাকরিতে যোগদান করলে প্রাপ্ত অর্থ ফেরত দিতে হবে।

৭. প্রতিযোগিতামূলক গ্রান্ট হওয়ায় মনিটরিং কমিটির অনুমোদনক্রমে গবেষণা অগ্রগতি অনুযায়ী পরবর্তী বছরের ফেলোশিপ দেওয়া হবে।

## মনিটরিং কমিটি ও গবেষণা অগ্রগতি মূল্যায়ন:

১. প্রতি ছয় মাস অন্তর গবেষণা অগ্রগতি প্রতিবেদন জমা দিতে হবে।

২. প্রথম বছরে গবেষণা প্রস্তাবনা তৈরি ও একটি রিভিউ আর্টিকেল প্রকাশ করতে হবে।

৩. দ্বিতীয় বছরে ডাটা অ্যানালাইসিস সম্পন্ন করে নোবিপ্রবির নির্ধারিত জার্নালে একটি গবেষণা প্রবন্ধ প্রকাশ করতে হবে।

৪. শর্ত পূরণ করতে ব্যর্থ হলে পরবর্তী অর্থবছরের জন্য ফেলোশিপ বাতিল হবে।

## ফেলোশিপের মেয়াদ ও আর্থিক সুবিধা

### মেয়াদ:

- সর্বোচ্চ ৩ (তিন) বছর। নির্ধারিত সময়ের মধ্যে পিএইচডি সম্পন্ন করতে ব্যর্থ হলে অতিরিক্ত সময়ের জন্য ফেলোশিপ প্রদান করা হবে না।

### ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা:

- **মাসিক ফেলোশিপ ভাতা** ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা।
- **গবেষণার জন্য বরাদ্দ:**
  # **বিজ্ঞান, জীববিজ্ঞান ও প্রকৌশল অনুষদ**: বছরে সর্বোচ্চ ১,৫০,০০০/- টাকা।
  # **ব্যবসায় শিক্ষা, সামাজিক বিজ্ঞান ও মানবিক, শিক্ষা বিজ্ঞান ও আইন অনুষদ:** বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- টাকা।
  # এই অর্থ কম্পিউটার বা ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী ক্রয়ে ব্যবহার করা যাবে না।
- **কনফারেন্স খরচ:**
  # **দেশীয় কনফারেন্সে অংশগ্রহণের জন্য**: সর্বোচ্চ ১৫,০০০/- টাকা।
  # **আন্তর্জাতিক কনফারেন্সে অংশগ্রহণের জন্য:** সর্বোচ্চ ৫০,০০০/- টাকা।
  # উপস্থাপনা অবশ্যই পিএইচডি গবেষণার অংশ হতে হবে।

- **থিসিস বাইন্ডিং খরচ**: চূড়ান্ত বর্ষে ৫,০০০/- টাকা।

## আবেদনের সময়সীমা

০১ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে আবেদনপত্র পূরণ করে নোবিপ্রবি রিসার্চ সেল অফিসে জমা দিতে হবে।

বিস্তারিত তথ্য ও আবেদন ফরমের জন্য নোবিপ্রবির ওয়েবসাইট (https://nstu.edu.bd/research_cell.html) ভিজিট করুন।

পরিচালক
রিসার্চ সেল
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪